



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

০৩ ফেব্রুয়ারি ২০২৩

### বাউবিতে বিএ/বিএসএস ও এলএলবি (অনার্স) প্রোগ্রামের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের অধীনে পরিচালিত ৪ বছর মেয়াদী বিএ/বিএসএস ও এলএলবি অনার্স এর শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ০৩ ফেব্রুয়ারি ২০২৩ শুক্রবার গাজীপুর মূল ক্যাম্পাসের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি তাঁর বক্তৃতায় শিক্ষার্থীদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে এগিয়ে আসার আহবান জানান। দিন দিন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পাচ্ছে তাই স্মার্ট বাংলাদেশ গড়তে হলে আমাদের শিক্ষা ও প্রযুক্তিতে সমৃদ্ধ হতে হবে। বাউবি থেকে শিক্ষা গ্রহণের মাধ্যমে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার করে স্মার্ট বাংলাদেশ তৈরিতে ভূমিকা রাখতে শিক্ষার্থীদের পরামর্শ দেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিভিন্ন শিক্ষা প্রযুক্তি ব্যবহার করে দেশের সকল শ্রেণী পেশার মানুষকে শিক্ষা সেবা পৌঁছে দেয়ার অঙ্গীকার নিয়ে কাজ করে যাচ্ছে।



ওরিয়েন্টেশন প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষক ও শিক্ষার্থীগণ

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন প্রো-উপাচার্য শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল এর ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, এসএসএইচএল বিভিন্ন স্তরের শিক্ষক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক ড. আনিস রহমান। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন এসএসএইচএল এর সহকারী অধ্যাপক ফখরুল ইসলাম পাটোয়ারী। ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বিএ/বিএসএস (অনার্স) প্রোগ্রামের ৩৬০ জন ও এলএলবি অনার্স প্রোগ্রামের ১২০ জন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)